

আদালতের গ্রেপ্তারি পরোয়ানা; মেহজাবীন বলছেন, ভিত্তিহীন মামলা -পৃষ্ঠা-৩

হৃদয়ে লাল সবুজ

# আমাদের সূর্যোদয়

বর্ষ ৪ ঃ সংখ্যা-৩৫ ঃ মেহেরপুর-সোমবার ১৭ নভেম্বর ২০২৫ ইং ঃ ২ অগ্রহায়ন ১৪৩২ বাংলা ঃ ২৫ জমা ,আউ ১৪৪৭ হিজরি ঃ পৃষ্ঠা-০৪ মূল্য-৪.০০ টাকা www.amadersurjodoy.com



সূর্যোদয় স্কুল অ্যান্ড কলেজ
স্বপ্ন অধ্যয়ন অধ্যবসায়
স্থাপিতঃ-২০১৮
গাংনী, মেহেরপুর




## মেহেরপুর জেনারেল হাসপাতালের তত্ত্বাবধায়ক ওএসডি

নিজস্ব প্রতিবেদক

মেহেরপুর ২শ ৫০ শয্যা বিশিষ্ট জেনারেল হাসপাতালের তত্ত্বাবধায়ক ডা. শাহারিয়া শায়লা জাহানকে ওএসডি করা হয়েছে। স্বাস্থ্য অধিদপ্তরের মহাখালিতে যোগদানের নির্দেশ দেওয়া হয়েছে। গতকাল ১৬ নভেম্বর যুগ্ম সচিব সানজিদা শরমিন স্বাক্ষরিত পত্রে এ আদেশ জানানো হয়। আদেশে বলা হয়েছে, আগামী ২০ নভেম্বরের মধ্যে নতুন কর্মস্থলে যোগদান করতে হবে; না হলে ২৩ নভেম্বর থেকে কর্মস্থল থেকে অবমুক্ত হিসেবে গণ্য হবেন। উল্লেখ্য, গত ১৫ মে হাসপাতালের

২-এর পৃষ্ঠা দেখুন






### অশ্লীল ভিডিও ভাইরাল, টাকা -পয়সা দিয়ে ম্যানেজের চেষ্টায়

# উত্তাল গাংনী: প্রধান শিক্ষক ঘিরে স্কুলজুড়ে ঝড়

নিজস্ব প্রতিবেদক.গাংনী

মেহেরপুরের গাংনী উপজেলার হাড়াভাঙ্গা এইচবি মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক রাজু আহমেদ-এর অশ্লীল ভিডিও কেলেঙ্কারি এবং দশম শ্রেণীর এক শিক্ষার্থীর সঙ্গে অশোভন কথোপকথনের ভিডিও সামাজিক যোগাযোগ মাধ্যমে ভাইরাল হওয়ার পর বিদ্যালয়জুড়ে সৃষ্টি হয়েছে তীব্র উত্তেজনা। রোববার সকাল থেকে বিদ্যালয়ের প্রধান ফটকের সামনে স্থায়ী বহিষ্কারের দাবিতে অবস্থান কর্মসূচি পালন করছেন শিক্ষার্থী ও অভিভাবকরা। শিক্ষার্থীরা জানান, একজন শিক্ষক যদি শিক্ষার্থীর সঙ্গে এমন অশ্লীল আচরণ করেন, তারা স্কুলে নিরাপদে পড়াশোনা করতে পারবেন না। নবম শ্রেণীর শিক্ষার্থী ইয়াসমিনা খাতুন বলেন, "শিক্ষক আমাদের বাবার মতো। সেই শিক্ষকই যদি লালসার শিকার বানাতে চান, আমরা কোথায় যাব? তাকে স্থায়ীভাবে বহিষ্কার করতে হবে।" অভিভাবকরা জানান, দীর্ঘদিন বিদ্যালয়ের পরিবেশ ভালো ছিল। হাড়াভাঙ্গা গ্রামের মনিরুল ইসলাম সেন্টু বলেন, "শিশুর নিরাপত্তা শিক্ষক নিশ্চিত করবেন, কিন্তু ক্ষমতার অপব্যবহার করলে শিক্ষার্থীর ভবিষ্যৎ বিপন্ন হবে। আমরা স্থায়ী বহিষ্কার চাই।" সাময়িক বহিষ্কার, স্থায়ী বহিষ্কারের প্রক্রিয়া চলছে বিদ্যালয়ের ম্যানেজিং কমিটির সভাপতি মোখলেসুর রহমান নিশ্চিত করেন,

২-এর পৃষ্ঠা দেখুন

# মেহেরপুর মোটর শ্রমিক ইউনিয়নের ত্রিবার্ষিক নির্বাচন আজ

### প্রতিদ্বন্দ্বিতা ও ভোটের উত্তেজনা রাস্তায়

নিজস্ব প্রতিবেদক

মেহেরপুর মোটর শ্রমিক ইউনিয়নের ত্রিবার্ষিক নির্বাচন আজ সোমবার অনুষ্ঠিত হচ্ছে। সকাল ৯টা থেকে বিকাল ৪টা পর্যন্ত ইউনিয়নের নিজস্ব কার্যালয়ে ভোট গ্রহণ চলবে। গত নির্বাচনে মোট ভোটার সংখ্যা ছিল ৪,২২০, তবে এবার ভোটারের তালিকায় কার্ড নবায়ন করেছেন ২,৯৯৮ জন। অর্থাৎ ভোটার সংখ্যা গতবারের তুলনায় প্রায় অর্ধেকে নেমেছে। নির্বাচনে ১৫টি পদের জন্য মোট ৩৭ জন প্রার্থী প্রতিদ্বন্দ্বিতা করছেন।

এ দিকে নির্বাচনে ১৫টি পদের বিপরীতে মোট ৩৭ জন প্রার্থী প্রতিদ্বন্দ্বিতা করছেন।এর মধ্যে সভাপতি পদে লড়ছেন মোঃ আহসান হাবিব সোনা (চেয়ার), মোঃ বকুল (ট্রাক্টর) ও মোঃ শাহিন আলম (হাতি)। কার্যকরী সভাপতি পদে প্রতিদ্বন্দ্বিতা করছেন মোঃ সাইদুর রহমান, সৈয়দ রাকেশ ও মোঃ উজ্জল হোসেন। সহ-সভাপতি পদে প্রতিদ্বন্দ্বিতা করছেন আলমগীর ও মোঃ শাহিন আলী টুটুল। সাধারণ সম্পাদক পদে আছেন মোঃ মতিয়ার রহমান (ডাব) ও মোঃ সাখাওয়াত হোসেন সবুজ (মোবাইল)। যুগ্ম সম্পাদক পদে প্রতিদ্বন্দ্বিতা করছেন মোঃ নাসিম ইসলাম, মোঃ এরশাদ আলী ও মোঃ রেজাউল হক।সহ-সাধারণ সম্পাদক পদে লড়ছেন মোঃ সেন্টু ও মোঃ ফরহাদ হোসেন তুষার। সাংগঠনিক সম্পাদক পদে আছেন মোঃ রমেজ উদ্দিন ও মোঃ আনসারুল। সহ সাংগঠনিক সম্পাদক পদে প্রতিদ্বন্দ্বিতা করছেন মোঃ চঞ্চল শেখ ও মোঃ চাঁদ



সভাপতি



সম্পদক

আলী। কোষাধ্যক্ষ পদে চারজন প্রার্থী আজিজুল হক, মোঃ মাহবুব, মোঃ মোফাজ্জল ও সৈয়দ সোহেল। সড়ক সম্পাদক পদে লড়ছেন সোহেল রানা সজীব, মোঃ মোরসালিন ও মোঃ আনারুল ইসলাম। শ্রমিক কল্যাণ সম্পাদক পদে প্রতিদ্বন্দ্বিতা করছেন মাহবুব (রিপন) ও খায়রুল ইসলাম। সদস্য

২-এর পৃষ্ঠা দেখুন



## বীর মুক্তিযোদ্ধা কালাম মাস্টা কে রাষ্ট্রীয় মর্যাদায় দাফন

নিজস্ব প্রতিবেদক.গাংনী

মেহেরপুরের গাংনীতে বীর মুক্তিযোদ্ধা হাজী আবুল কালাম (কালাম মাস্টার) (৮২) শনিবার রাত মেহেরপুর জেনারেল হাসপাতালে বার্ধক্যজনিত কারণে মৃত্যুবরণ করেন। মৃত্যুকালে তিনি স্ত্রী, এক ছেলে ও তিন মেয়েসহ অংসখ্য গুনাগ্রহী রেখে গেছেন। গতকাল রবিবার (১৬ নভেম্বর) সকাল ১০টায় তাঁর মরদেহের উপর স্বাধীন বাংলার পতাকা

২-এর পৃষ্ঠা দেখুন

## মেহেরপুরে সড়ক দুঘটনায় শিক্ষক নিহত

নিজস্ব প্রতিবেদক

মেহেরপুর-চুয়াডাঙ্গা আঞ্চলিক মহাসড়কের পুরাতন দরবেশপুর এলাকায় ট্রাক ও মোটরসাইকেলের মুখোমুখি সংঘর্ষে তোফাজ্জল বিশ্বাস (৫৮) নামে এক মাধ্যমিক বিদ্যালয়ের শিক্ষক নিহত হয়েছেন।গতকাল রবিবার সন্ধ্যা ৬ টার দিকে এ দুর্ঘটনা ঘটে। নিহত তোফাজ্জল হোসেন চুয়াডাঙ্গার দামুড়হুদা উপজেলার দলিয়ারপুর গ্রামের জামাত আলীর ছেলে এবং দরবেশপুর মাধ্যমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক ছিলেন। প্রত্যক্ষদর্শীরা জানান, বিদ্যালয়ের ক্লাস শেষ করে মোটরসাইকেলে বাড়ি ফিরছিলেন

২-এর পৃষ্ঠা দেখুন




## ২৩ পরিবারের জামায়াতে ইসলামীতে যোগদান

মুজিবনগর প্রতিনিধি

মেহেরপুর মুজিবনগর উপজেলার মোনাখালী ইউনিয়নের ভবানীপুর গ্রামে বিএনপি ও অন্যান্য দলের ২৩টি পরিবার জামায়াতে ইসলামীতে যোগদান করেছে।গতকাল রবিবার সন্ধ্যা সাড়ে ছয়টার সময় স্থানীয় এই অনুষ্ঠানে নতুন যোগদানকারীদের হাতে ফুল তুলে স্বাগত জানান ইউনিয়নের নেতৃবৃন্দ। অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন বাংলাদেশ

২-এর পৃষ্ঠা দেখুন

## সেনা সদস্যের হত্যার হুমকিতে আতঙ্ক: বিএনপি নেতা মিজার জিডি

নিজস্ব প্রতিবেদক.গাংনী

কাথুলী ইউনিয়নের বিএনপি নেতা মিজানুর রহমান মিজা মোবাইলে হত্যার হুমকির অভিযোগ এনে গাংনী থানায় জিডি করেছেন। তিনি জানিয়েছেন, হুমকি দিয়েছেন কামরুল ইসলামের ছেলে, সেনা সদস্য সোহান, যা তার নিরাপত্তা নিয়ে উদ্বেগ সৃষ্টি করেছে। মিজা অভিযোগ করেছেন, কামরুল ইসলাম অতীতে আওয়ামী লীগের বিভিন্ন সভা-সমাবেশে অংশ নিয়েছেন এবং নৌকা প্রতীকের পক্ষে ভোট দিয়েছেন। হুমকির ঘটনায় তিনি ঊর্ধ্বতন সেনা কর্মকর্তাদের কাছে লিখিত

২-এর পৃষ্ঠা দেখুন



## ভিক্ষুকের টাকা ছিনতায়, এলাকাবাসি আটক পুলিশে সোপর্দ

নিজস্ব প্রতিবেদক. চুয়াডাঙ্গা

চুয়াডাঙ্গায় এক ভিক্ষুকের টাকা ছিনতাকাণ্ডের ঘটনায় এলাকাবাসী একজনকে আটক করে সদর থানার কাছে হস্তান্তর করেছেন। রবিবার দুপুর একটার দিকে শহরের একাডেমি মোড়ে এই ঘটনা ঘটে। আটক ব্যক্তি যশোর জেলার চুরামনকাঠি এলাকার মৃত লক্ষণ সেনের ছেলে প্রতাপ সেন (৩৫)। স্থানীয় সূত্রে জানা গেছে, আলমডাঙ্গার এক

২-এর পৃষ্ঠা দেখুন




## মেহেরপুরে জামায়াতের গণসংযোগ

নিজস্ব প্রতিবেদক

বাংলাদেশ জামায়াতে ইসলামী মেহেরপুর জেলা শাখার উদ্যোগে সদর উপজেলার বারাদী ইউনিয়নের রাজনগর গ্রামে গণসংযোগ কর্মসূচি অনুষ্ঠিত হয়েছে। সোমবার বিকেল ৪টার দিকে রাজনগর গ্রামের প্রধান সড়ক ও স্থানীয় দোকানপাট এলাকায় এ গণসংযোগ অনুষ্ঠিত হয়। গণসংযোগে নেতৃত্ব দেন বাংলাদেশ জামায়াতে ইসলামী মেহেরপুর-১ আসনের প্রার্থী মাওলানা তাজউদ্দিন খান। এ সময় আরও উপস্থিত ছিলেন মেহেরপুর সদর উপজেলা আমির সোহেল রানা, সদর


২-এর পৃষ্ঠা দেখুন

## গণভোটের প্রশ্নে দ্বিধায় বিএনপি

সূর্যোদয় প্রতিবেদন

গণভোটের চারটি প্রশ্নকে কেন্দ্র করে দ্বিধায় পড়েছে বিএনপি। জাতীয় নির্বাচনের দিনই গণভোট আয়োজনের সিদ্ধান্তকে দলটি স্বাগত জানালেও গণভোটের বিষয়বস্তুতে একাধিক সাংঘর্ষিক অবস্থান থাকায় প্রশ্নগুলো পুনর্বিবেচনার দাবি তুলতে যাচ্ছে দলটি। দলের একাধিক জ্যেষ্ঠ নেতার সঙ্গে কথা বলে এ তথ্য জানা গেছে। বিএনপি নেতাদের দাবি, জুলাই জাতীয় সনদে যে বিষয়ে রাজনৈতিক ঐকমত্য তৈরি হয়েছিল, গণভোটের প্রশ্নে তা পুরোপুরি প্রতিফলিত হয়নি। ফলে কোথাও সরাসরি সমর্থন, আবার কোথাও প্রকাশ্য বিরোধিতা–এ দুই অবস্থানের মধ্যেই আটকে যাচ্ছে দলটি। বিরোধিতা করলে আগামী নির্বাচন পেছানোর কৌশল নিতে

২-এর পৃষ্ঠা দেখুন



## কুষ্টিয়ায় 'জয় বাংলা' স্লোগান দিয়ে ট্রাকে আগুন

নিজস্ব প্রতিবেদক.কুষ্টিয়া

কুষ্টিয়ার আড়ুয়াপাড়া এলাকায় রাস্তার পাশে দাঁড়িয়ে থাকা একটি ট্রাকে আগুন দিয়ে 'জয় বাংলা' স্লোগান দিয়েছে দুর্বৃত্তরা। গত শনিবার দিবাগত রাত সাড়ে ৩টার দিকে এ ঘটনা ঘটে। তবে এতে কোনো হতাহতের ঘটনা ঘটেনি। ঘটনার একটি ভিডিও ফুটেজ রোববার (১৬ নভেম্বর) সকালে সামাজিক যোগাযোগমাধ্যম ফেসবুকে ছড়িয়ে পড়ে। ভিডিওতে দেখা যায়, জেলা বিএনপির আহ্বায়ক কুতুব উদ্দিন আহমেদের বাড়ির নিকটে রাস্তার পাশে দাঁড়ানো ট্রাকটির পেছনের

২-এর পৃষ্ঠা দেখুন

# লিবিয়া উপকূলে নৌকাডুবি নিহত ৪ বাংলাদেশি

সূর্যোদয় প্রতিবেদন

লিবিয়ার উপকূলে অভিবাসী ও আশ্রয়প্রার্থীদের বহনকারী দুটি নৌকা ডুবে চারজনের মৃত্যুর খবর দিয়েছে লিবিয়ান রেড ক্রিসেন্ট। বৃহস্পতিবার রাতে উপকূলীয় শহর আল-খোমসের কাছে এ দুর্ঘটনা ঘটে বলে আলজাজিরা রেড ক্রিসেন্টের বরাত দিয়ে জানিয়েছে। সংস্থাটির বিবৃতিতে বলা হয়, প্রথম নৌকাটিতে ছিলেন বাংলাদেশ থেকে যাওয়া ২৬ জন। তাদের মধ্যে চারজনের মৃত্যু নিশ্চিত হয়েছে। দ্বিতীয় নৌকাটিতে ছিলেন ৬৯ জন–যাদের মধ্যে দুজন মিশ-রীয় এবং বেশ কয়েকজন সুদানি নাগরিক। তাদের অবস্থান এখনো অনিশ্চিত। ওই নৌকায় আটজন শিশুও ছিল বলে রেড ক্রিসেন্ট জানিয়েছে। ত্রিপোলি থেকে প্রায় ১১৮ কিলোমিটার পূর্বে অবস্থিত উপকূলীয় শহর আল-খোমস বহুদিন ধরেই ইউরোপগামী অনিয়মিত অভিবাসীদের প্রধান রুট হিসেবে পরিচিত। ২০১১ সালে মোয়াম্মার গাদ্দাফির পতনের পর লিবিয়ায় সৃষ্ট অস্থিতিশীলতার সুযোগে এ পথ আরও ঝুঁকিপূর্ণ হয়ে ওঠে। লিবিয়ান রেড ক্রিসেন্ট ঘটনাস্থল থেকে নৌকাডুবিতে নিহতদের মরদেহ ব্যাগে মোড়ানো ছবি প্রকাশ করেছে। আরেক ছবিতে উদ্ধার হওয়া

২-এর পৃষ্ঠা দেখুন


মেসার্স এ. আর. এন্টারপ্রাইজ
প্রোঃ মোঃ আলতাফ হোসেন
এখানে পাওয়া যায়
✓ সকল প্রকার ক্রোকারিজ সামগ্রী
✓ প্লাস্টিক সামগ্রী
খুচরা ও পাইকারি বিক্রয়করা হয়।
পরিবেশক
• কিয়াম মেটাল ইন্ডাস্ট্রিজ
• আর এফ এল
• আকিজ সিরামিক
কাঁসারী বাজার, মেহেরপুর।
০১৯২২-৬৪৫২১৮, ০১৭০৯-১০৯১৯১


### অনুবাক্য
### মামুনুর রশিদ মামুন
### খবর (টাকা নিন ভোট দেবেন না)

টাকা নিয়ে ভোট দেবেন না
এ কি ধরনের কথা
দাঁড়ি পাল্লায় দিলে ভোট
জান্নাত কি অত সোজা।
টাকা আমি ধরবো যার
ভোট দিব না তাকে
আমার ভোট না দিলে ভাই
বেইমান বলবে লোকে।
টাকার কথা উঠবে কেন
আমরা ভোটার গণ
ভোটের সময় মারব সিল
যে করি যার দল।
টাকার কথা ঠিক হয়নি বলা
তোরা যে যা বলিস ভাই
নিজের ঢোল নিজে পেটাও
কারো বলার কিছু নাই।



## ৩২ বছর পর মায়ের মর্যাদা মিলল ফরিদার

নিজস্ব প্রতিবেদক. ঝিনাইদহ

ঝিনাইদহের কোটচাঁদপুর উপজেলার মামুনসিয়া গ্রামের নির্মাণ শ্রমিক মাইদুল ইসলাম (৩২) দীর্ঘ ৩২ বছর পর আদালতের মাধ্যমে পিতৃপরিচয় পেয়েছেন। একই সঙ্গে মা ফরিদা খাতুন (৫০) পেলেন স্ত্রীর মর্যাদা। দীর্ঘ প্রতীক্ষার পর মা ছেলের আশা পূরণ হয়েছে। মাইদুলের বাবা মোহাম্মদ আলী (৫৮) দীর্ঘ সময় ধরে তাদের স্বীকৃতি

২-এর পৃষ্ঠা দেখুন

## নৈরাজ্য ঠেকাতে গুলির নির্দেশ ডিএমপি কমিশনারের

সূর্যোদয় প্রতিবেদন

রাজধানীতে নৈরাজ্য ও সহিংসতা মোকাবিলায় আগুনসন্ত্রাস এবং ককটেল হামলার ঘটনায় জড়িত ব্যক্তিদের বিরুদ্ধে সরাসরি গুলি চালানোর নির্দেশ দিয়েছেন ঢাকা মহানগর পুলিশের (ডিএমপি) কমিশনার শেখ মো. সাজ্জাত আলী। রবিবার (১৬ নভেম্বর) বিকালে বেতার বার্তার মাধ্যমে এ নির্দেশ দেন তিনি। বিষয়টি নিশ্চিত করেছেন ডিএমপির অপরাধ বিভাগে কর্মরত নাম প্রকাশে অনিচ্ছুক এক উপকমিশনারসহ তিনজন কর্মকর্তা। এ বিষয়ে জানতে চাইলে ডিএমপি কমিশনার

২-এর পৃষ্ঠা দেখুন



## মুজিবনগরে জেন্ডার সচেতনতা প্রশিক্ষণ

মুজিবনগর প্রতিনিধি

এফসিডিও'র অর্থায়নে দি হাঙ্গার প্রজেক্ট বাংলাদেশ আয়োজিত মাল্টি-স্টেকহোল্ডার ইনিশিয়েটিভ ফর পিস অ্যান্ড স্ট্যাবিলিটি (এমআইপিস) প্রকল্পের আওতায় মুজিবনগরে জেন্ডার সচেতনতা ও নারীর প্রতি সহিংসতা প্রতিরোধ বিষয়ক একদিনব্যাপী প্রশিক্ষণ অনুষ্ঠিত হয়েছে।

২-এর পৃষ্ঠা দেখুন


সু- খবর সু- খবর সু- খবর
আপনার স্বপ্নের অফিসিয়াল স্মার্ট ফোন + ফিচার ফোন এবং গ্যাজেট গুলি এখন এক ছাদের নিচে।
আমাদের কাছে পাচ্ছেন -
✔ অথেনটিক প্রোডাক্ট
✔ সেরা দাম
✔ নির্ভরযোগ্য সেবা
মোবাইল স্টেশন
তাই আর দেরি না করে আপনার প্রয়োজনীয় অফিসিয়াল যে কোনো স্মার্টফোন + ফিচার ফোন এবং গ্যাজেট গুলি এখন-ই সংগ্রহ করুন আমাদের কাছ থেকে নিশ্চিন্তে।
বিঃদ্রঃ- আমরা কোন অবস্থায় আন অফিসিয়াল রিফারবিশড বা ক্লোন মোবাইল বিক্রি করিনা।
আমাদের ঠিকানা: মোবাইল স্টেশন- প্রধান সড়ক -মেহেরপুর .
হেল্পলাইন: ০১৭১২-৫১১১৮১

হৃদয়ে লাল সবুজ

# আমাদের সূর্যোদয়

মেহেরপুর ॥ সোমবার ॥ ২ অগ্রহায়ন ১৪৩২ বাংলা ॥ ১৭ নভেম্বর ২০২৫ইং






## মেহেরপুরে চার গুণীজনকে জেলা প্রশাসনের বিশেষ সম্মাননা

# অসামান্য অবদানে উজ্জ্বল চার নক্ষত্র–সাংবাদিক শিক্ষক, সমাজসেবক ও আনসার সদস্য

নিজস্ব প্রতিবেদক

মেহেরপুরের উন্নয়ন, মানবিকতা, শিক্ষা ও সমাজসেবায় অসামান্য ভূমিকা রাখায় চার গুণী ব্যক্তিকে 'বিশেষ সম্মাননা' দিয়েছে জেলা প্রশাসন। জেলা প্রশাসকের সম্মেলনকক্ষে আয়োজিত এক অনাড়ম্বর কিন্তু তাৎপর্যপূর্ণ অনুষ্ঠানে বৃহস্পতিবার বিকেলে এ সম্মাননা প্রদান করা হয়। মেহেরপুর জেলা প্রশাসক ড. মোহাম্মদ আবদুল ছালাম নিজ হাতে চার গুণীজনের হাতে সম্মাননা স্মারক তুলে দেন। ৪০ বছরের সাংবাদিকতা–মেহেরপুরের ইতিহাসের অংশ মিজানুর রহমান : মেহেরপুরের ক্রীড়া, সংস্কৃতি, উন্নয়ন ও সামাজিক কর্মকাণ্ডে চার দশকেরও বেশি সময় ধরে অগ্রণী ভূমিকা রাখায় সম্মাননা পেয়েছেন সিনিয়র সাংবাদিক ও মেহেরপুর নিউজের বার্তা সম্পাদক

৩-এর পৃষ্ঠা দেখুন

জীবন ধারা



## শীতের শুরুতেই বাড়ছে বাতের ব্যথা

সূর্যোদয় প্রতিবেদন

দেশের আবহাওয়ায় ইতোমধ্যেই লেগেছে শীতের ছোঁয়া। সন্ধ্যা নামলেই বাড়ছে ঠান্ডা, অনেকেই এখন চাদর গায়ে দিচ্ছেন, ফ্যান বন্ধ রাখছেন। তবে এই আবহাওয়ার পরিবর্তনের সঙ্গে সঙ্গে শরীরে দেখা দিচ্ছে নানা সমস্যা–বিশেষ করে বাত বা জয়েন্টের ব্যথা। বিশেষজ্ঞদের মতে, শীতের শুরুতেই বাতের ব্যথায় আক্রান্তের সংখ্যা বেড়ে যায়। এর অন্যতম কারণ ঠান্ডার সময় শরীরের নড়াচড়া কমে যাওয়া এবং নার্ভের সংবেদনশীলতা বৃদ্ধি পাওয়া। অনেকেই শীতে হাঁটাচলা কমিয়ে দেন, যার ফলে জয়েন্ট শক্ত হয়ে যায় এবং ব্যথা বাড়ে। চিকিৎসকদের মতে, এই সময়ে ব্যথা নিয়ন্ত্রণে অতিরিক্ত পেইনকিলার খাওয়ার অভ্যাস বিপজ্জনক হতে পারে। বরং কিছু ঘরোয়া ও সহজ উপায়ে উপশম সম্ভব। ব্যথা উপশমে করণীয়-

গরম সেক: নিয়মিত গরম সেক নিলে ইনফ্লামেশন

৩-এর পৃষ্ঠা দেখুন




## জিম্মি নৌপথে পণ্য পরিবহন: বন্ধ হতে পারে জাহাজ চলাচল

সূর্যোদয় প্রতিবেদন

নৌপথে পণ্য পরিবহন সেবা কতিপয় মধ্যস্বত্বভোগী পণ্যের এজেন্টদের সিন্ডিকেটের কাছে জিম্মি হয়ে পড়েছে বলে অভিযোগ করেছেন জাহাজ মালিকরা। তাদের দৌরাত্ম্যে দীর্ঘদিন ধরে বকেয়া ভাড়া না পেয়ে একের পর এক জাহাজ স্ক্র?্যাপ হয়ে যাচ্ছে। ইতোমধ্যে অন্তত ৮০০ জাহাজ স্ক্র?্যাপ হয়েছে বলে দাবি তাদের। পরিস্থিতি পরিবর্তন না হলে আগামী ১৫ দিনের মধ্যে নৌপথে সব ধরনের পণ্য পরিবহন বন্ধ করে দেওয়ার হুঁশিয়ারি দিয়েছেন মালিকরা। রোববার (তারিখ) ঢাকা রিপোর্টার্স ইউনিটির (ডিআরইউ) সাগর-রুনি মিলনায়তনে আয়োজিত এক সংবাদ সম্মেলনে এসব অভিযোগ তুলে ধরেন বাংলাদেশ কার্গো ভেসেল ওনার্স অ্যাসোসিয়েশন (বিসিভিওএ) ও কোস্টাল শিপ ওনার্স অ্যাসোসিয়েশন অব বাংলাদেশ (কোয়াব)

৩-এর পৃষ্ঠা দেখুন

## জনগণকে ভোট দেওয়ার সুযোগ পেলেই দেশে শান্তি ফিরবে: কাদের সিদ্দিকী

সূর্যোদয় প্রতিবেদন

নির্বাচন কমিশনের (ইসি) প্রতি আস্থা পুনর্গঠনের আহ্বান জানিয়ে কৃষক শ্রমিক জনতা লীগ সভাপতি বঙ্গবীর কাদের সিদ্দিকী বলেছেন, "জনগণকে স্বাধীনভাবে ভোট দেওয়ার সুযোগ করে দিতে পারলেই দেশে শান্তি ফিরবে।" তিনি দাবি করেন, অতীতে নির্বাচন কমিশন সরকারের "মন্ত্রী" হিসেবে কাজ করলেও এবার তাদের সামনে আস্থা পুনরুদ্ধারের সুযোগ তৈরি হয়েছে। রোববার বিকেলে রাজধানীর আগারগাঁওয়ে নির্বাচন ভবনে রাজনৈতিক দলের সঙ্গে ইসির দ্বিতীয় দিনের দ্বিতীয় পর্বের সংলাপে অংশ নিয়ে তিনি এসব কথা বলেন। এ সময়ে কাদের সিদ্দিকীর দলসহ মোট ছয়টি রাজনৈতিক দলের প্রতিনিধিরা আলোচনায় অংশ নেন। সংলাপের সভাপতিত্ব করেন প্রধান নির্বাচন কমিশনার

৩-এর পৃষ্ঠা দেখুন



## সংলাপ থেকে ইসলামী ঐক্যজোটের একাংশকে বের করে দিল নির্বাচন কমিশন

সূর্যোদয় প্রতিবেদন

রাজনৈতিক দলগুলোর সঙ্গে নির্বাচন কমিশনের (ইসি) চলমান সংলাপের মধ্যে উত্তেজনাকর পরিস্থিতির সৃষ্টি হয় ইসলামী ঐক্যজোটের দুই অংশের মধ্যে বিরোধকে কেন্দ্র করে। দলের একটি অংশের আপত্তির মুখে মুফতি আবুল হাসনাত আমিনীর নেতৃত্বাধীন ইসলামী ঐক্যজোটের প্রতিনিধিদলকে সংলাপ কক্ষ থেকে বের করে দেওয়া হয়েছে। রোববার সকাল সাড়ে ১০টার দিকে রাজধানীর আগারগাঁওয়ে ইসি কার্যালয়ের সম্মেলন কক্ষে দ্বিতীয় দিনের প্রথম পর্বের সংলাপের শুরুতেই এ ঘটনা ঘটে। এ সময় প্রধান নির্বাচন কমিশনার (সিইসি) এ এম এম নাসির উদ্দীন, অন্যান্য নির্বাচন কমিশনার, সিনিয়র কর্মকর্তাসহ ছয়টি রাজনৈতিক দলের প্রতিনিধিরা উপস্থিত ছিলেন। সংলাপ শুরুর আগে থেকেই রাজনৈতিক দলগুলোর প্রতিনিধিরা নিজ নিজ আসনে উপস্থিত ছিলেন। ঠিক সেই সময় ইসির

৩-এর পৃষ্ঠা দেখুন

## না ভোট প্রচারকারীরা নিরপেক্ষ নির্বাচন ও সংস্কার চায় না: অভিযোগ আট দলের

সূর্যোদয় প্রতিবেদন

নির্বাচন ও গণভোটকে কেন্দ্র করে রাজনৈতিক অঙ্গনে তীব্র মতবিতর্কের মধ্যে বিএনপিকে ইঙ্গিত করে না্ভোট প্রচারকারীদের বিরুদ্ধে ক্ষোভ প্রকাশ করেছে জামায়াতসহ আট দল। রোববার রাজধানীর মগবাজারে জামায়াত কার্যালয়ে অনুষ্ঠিত বৈঠক শেষে সংবাদ সম্মেলনে জামায়াতের সেক্রেটারি জেনারেল মিয়া গোলাম পরওয়ার বলেন, যারা না্ভোটের প্রচার চালাচ্ছে, তারা রাষ্ট্রীয় সংস্কার ও নিরপেক্ষ নির্বাচন চায় না। তার দাবি, দেশের মানুষ সংস্কারের জন্য হ্যাঁ ভোটের পক্ষে অবস্থান নিয়েছে। গত বৃহস্পতিবার জুলাই জাতীয় সনদ বাস্তবায়ন আদেশ জারির মাধ্যমে ফেব্রুয়ারির প্রথমার্ধে নির্বাচন ও গণভোট একই দিনে আয়োজনের সিদ্ধান্ত হয়। নির্বাচনের আগে গণভোটের দাবিতে ১৬ নভেম্বর যমুনার সামনে অবস্থান কর্মসূচি

৩-এর পৃষ্ঠা দেখুন



## নারী কাবাডি বিশ্বকাপের ট্রফি উন্মোচন করলেন প্রধান উপদেষ্টা

সূর্যোদয় প্রতিবেদন

ঢাকায় শুরু হচ্ছে দ্বিতীয় নারী কাবাডি বিশ্বকাপ। মিরপুরের শহীদ সোহরাওয়ার্দী ইনডোর স্টেডিয়ামে ১১ দেশের অংশগ্রহণে এ প্রতিযোগিতা অনুষ্ঠিত হবে। রোববার প্রধান উপদেষ্টা অধ্যাপক মুহাম্মদ ইউনূস ট্রফি উন্মোচন করেন। উন্মোচন অনুষ্ঠানে উপস্থিত ছিলেন যুব ও ক্রীড়া উপদেষ্টা আসিফ মাহমুদ সজীব ভূঁইয়া, ইন্টারন্যাশনাল কাবাডি ফেডারেশনের সভাপতি বিনোদ কুমার তিওয়ারি, বাংলাদেশ কাবাডি ফেডারেশনের সভাপতি বাহারুল আলম বিপিএম, সাধারণ সম্পাদক এসএম নেওয়াজ সোহাগ এবং অংশগ্রহণকারী দলের অধিনায়করা। বাংলাদেশ ছাড়াও এবারের বিশ্বকাপে অংশ নিচ্ছে বর্তমান চ্যাম্পিয়ন ভারত, রানার্সআপ ইরান, চাইনিজ তাইপে, জার্মানি, কেনিয়া, নেপাল, পোল্যান্ড, থাইল্যান্ড, উগান্ডা ও জাঞ্জিবার। বাংলাদেশ প্রথমবারের মতো বিশ্বকাপ আয়োজন


৩-এর পৃষ্ঠা দেখুন

## ইডেনে হারের পর ৭টি লজ্জার রেকর্ড গড়ল ভারত

সূর্যোদয় প্রতিবেদন

কলকাতার ইডেন গার্ডেন্সে দক্ষিণ আফ্রিকার বিপক্ষে ১২৪ রানের লক্ষ্য তাড়া করতে নেমে মাত্র ৯৩ রানে অলআউট হয়ে ভারত ৩০ রানে হেরে বিশ্ব ও এশিয়ার ক্রিকেটে নিজেদের জন্য লজ্জার রেকর্ড গড়েছে। ভারতের ব্যর্থ এই পারফরম্যান্সে সাতটি নতুন নজির তৈরি হয়েছে। ভারতের লজ্জার নজিরসমূহ: ১. চতুর্থ ইনিংসে সর্বনিম্ন স্কোর: দেশের মাটিতে চতুর্থ ইনিংসে ভারতের সর্বনিম্ন স্কোর। এর আগে ২০০৬ সালে মুম্বাইয়ের ওয়াংখেড়ে স্টেডিয়ামে ইংল্যান্ডের বিপক্ষে ১০০ রান ছিল সর্বনিম্ন। ২.

৩-এর পৃষ্ঠা দেখুন



## দুর্নীতি-অপরাধের বিরুদ্ধে মেক্সিকোতে জেন-জির বিক্ষোভ

সূর্যোদয় প্রতিবেদন

দুর্নীতি, বেড়ে চলা অপরাধ ও বিচারহীনতার প্রতিবাদে মেক্সিকোজুড়ে এবার জেনারেশন জেডের (জেনুজি) নেতৃত্বে হয়েছে ব্যাপক বিক্ষোভ। স্থানীয় সময় শনিবার অনুষ্ঠিত এ কর্মসূচিতে অংশ নেন বিভিন্ন বয়সী মানুষ, বিরোধী দলের প্রবীণ নেতাকর্মী এবং সম্প্রতি নিহত

৩-এর পৃষ্ঠা দেখুন

## অ্যাসবেস্টস আতঙ্কে ক্যানবেরায় একযোগে ৬৯টি স্কুল বন্ধ

সূর্যোদয় প্রতিবেদন

অস্ট্রেলিয়ার রাজধানী ক্যানবেরায় শিশুদের ব্যবহারের জন্য তৈরি রঙিন সজ্জা বালিতে বিপজ্জনক অ্যাসবেস্টস শনাক্ত হওয়ায় একযোগে ৬৯টি স্কুল সোমবার থেকে বন্ধ ঘোষণা করেছে স্থানীয় সরকার। পরীক্ষায় বালিতে ক্রাইসোটাইল অ্যাসবেস্টসের উপস্থিতি ধরা পড়ার পরই এ সিদ্ধান্ত নেওয়া হয়। রঙিন এই বালিগুলো বিভি-ন্ন স্কুল ও শিক্ষাপ্রতিষ্ঠানের সজ্জায় ব্যবহার করা হচ্ছিল। অস্ট্রেলিয়ান প্রতিযোগিতা ও ভোক্তা কমিশনের তথ্যে জানা গেছে, শনাক্ত নমুনাগুলোর

৩-এর পৃষ্ঠা দেখুন





✨ জামান বস্ত্রালয় ✨

আপনার আস্থার পোশাকের ঠিকানা

- সর্বাধুনিক ফ্যাশনের নান্দনিক সংগ্রহ
- জেন্টস, লেডিস ও বাচ্চাদের জন্য মানসম্মত পোশাক
- সালোয়ার–কামিজ, থ্রি-পিস, শাড়ি, পাঞ্জাবি, কোটসহ সবকিছু
- ঈদ, পূজা, বিয়ে বা যেকোনো উৎসবের জন্য বিশেষ কালেকশন
- ন্যায্য দামে গুণগত মানের নিশ্চয়তা

একবার আসুন, দেখুন – তারপরই বুঝবেন পার্থক্য!

ঠিকানা: বড়বাজার, মেহেরপুর

যোগাযোগ: 01718 552784, 01673 980044


প্রযুক্তি

## শিশুদের সামাজিক যোগাযোগমাধ্যম ব্যবহারে ডেনমার্কে কঠোর নিষেধাজ্ঞা

সূর্যোদয় প্রতিবেদন

বিশ্বজুড়ে সামাজিক যোগাযোগমাধ্যমের ক্ষতিকর কনটেন্ট ও বাণিজ্যিক প্রলোভনের প্রভাব বাড়তে থাকায় শিশুদের মানসিক স্বাস্থ্য নিয়ে উদ্বেগ গভীর হচ্ছে। এ পরিস্থিতিতে ডেনমার্ক ১৫ বছরের কম বয়সী শিশুদের সামাজিক যোগাযোগমাধ্যম ব্যবহারে নিষেধাজ্ঞা জারি করেছে। দ্য ইন্ডিপেন্ডেন্ট-এর প্রতিবেদনে এ তথ্য জানানো হয়। ইউরোপীয় ইউনিয়নের কোনো সরকার সামাজিক যোগাযোগমাধ্যমে ন্যূনতম বয়সুনিয়ন্ত্রণে এমন কঠোর পদক্ষেপ আগে নেয়নি। দেশটির নতুন আইনে বলা হয়েছে, বিশেষ মূল্যায়নের ভিত্তিতে অভিভাবকের অনুমতিতে ১৩ ও ১৪ বছর বয়সী কিশোরকিশোরীরা



সীমিতভাবে সামাজিক যোগাযোগমাধ্যম ব্যবহার করতে পারবে। তবে এত বড় পরিসরে নিষেধাজ্ঞা বাস্তবায়ন কতটা সম্ভব–তা নিয়ে বিশেষজ্ঞদের প্রশ্ন রয়েছে।

৩-এর পৃষ্ঠা দেখুন


মায়ের হাসি ক্লিনিক ও নিউ হেলথ্ কেয়ার ল্যাব

মোতাছিম বিল্লাহ মতু'র বাসা, কাশারীপাড়া, মেহেরপুর।

পরীক্ষাসমূহ ✅ ই.সি.জি (কম্পিউটারাইজড) ✅ এক্স-রে ✅ আল্ট্রাসনোগ্রাফি ✅ হরমন এনালাইসিস ✅ সকল প্রকার প্যাথলজি পরীক্ষা ✅ মহিলা বিশেষজ্ঞ দ্বারা নরমাল ডেলিভারি, সিজারিয়ান ও সব ধরনের অপারেশন ✅ আধুনিক যন্ত্রপাতি ও যত্নবান সেবা

সিরিয়ালের জন্য যোগাযোগ: রিসিপশন : ০১৩০৬-৯২৫৬২৫
মার্কেটিং - জসিম : ০১৭১৩-৯১২৫৫১ বাপ্পী : ০১৭১২-২১৪১৩১

নিয়মিত রোগী দেখেন

শিশুরোগ, শিশুপুষ্টি ও মেডিসিন বিশেষজ্ঞ
ডাঃ এম.র. মালিক
এমবিবিএস, ডিসিএইচ (আয়ারল্যান্ড) এমএসসি (পুষ্টি) ডিসিএম, সিসিডি, এমএসসি (সাইকো) এমপিএইচ,আইপিপিএস (অষ্টেলিয়া) সিসিড, পিজিপিএন বোস্টন ইউনিভার্সিটি, আমেরিকা)এফআরএসএম (লন্ডন) এফআরএসএইচ (লন্ডন), এমএএমএস (ভিয়েনা), সিপেড, বিসিএস (স্বাস্থ্য)ফেলো রয়েল সোসাইটি অব মেডিসিন (লন্ডন), রিসার্চ ফেলো-সিঙ্গাপুর ও অস্ট্রেলিয়া এসোসিয়েট প্রফেসর ও বিভাগীয় প্রধান (এক্স) নর্থ বেঙ্গল মেডিকেল কলেজ হসপিটাল
রোগী দেখেন : প্রতি রবিবার সকাল ৮ টা থেকে দুপুর ২ টা।

নবজাতক, শিশু ও কিশোর রোগ বিশেষজ্ঞ
ডাঃ কানিজ নাঈমা
এম.বি.বি.এস, বিসিএস (স্বাস্থ্য), ডিসিএইচ (শিশু) জুনিয়র কনসালটেন্ট (শিশু) ২৫০ শয্যা বিশিষ্ট জেনারেল হাসপাতাল, মেহেরপুর।
রোগী দেখেন: দুপুর ২ টা থেকে ৩ টা। (শুক্রবার ব্যাতিত)

প্রসূতি ও স্ত্রীরোগ চিকিৎসক সার্জন ও সনোলজিষ্ট
ডাঃ রুমানা হেলালী (জুসি)
এম.বি.বি.এস (ঢাকা), বিসিএস (এফ.পি), ডি.এম.ইউ ই ও সি (অবস্ এন্ড গাইনী), মেডিকেল অফিসার, মা ও শিশু কল্যাণ কেন্দ্র,মেহেরপুর। গাইনী, বন্ধ্যাত্ব, গর্ভবতী, প্রসূতী, কিশোরী ও স্ত্রী রোগের চিকিৎসা করেন।

মেডিকেল প্রাক্টিশনার ও মেডিসিন রোগে অভিজ্ঞ
ডাঃ মুত্তাকী বিল্লাহ শাফিন
এমবিবিএস(ডিইউ)
আবাসিক মেডিকেল অফিসার, মায়ের হাসি ক্লিনিক, প্রতিদিন নিয়মিত রোগী দেখেন।

মেডিসিন, ডায়াবেটিস ও সনোলজিস্ট
ডাঃ এস.এম. আরাফাত আল আকাশ
এম.বি.বি.এস (ডি.ইউ), সিসিডি (বারডেম), পিজিটি (মেডিসিন), সি এম ইউ (আল্ট্রা) এইচ. এম. ও
রোগী দেখেন: প্রতি শুক্র ও শনিবার সকাল ১০ টা থেকে রাত্রি ৮ টা



হৃদরোগ, মেডিসিন এবং ডায়াবেটিক রোগ বিশেষজ্ঞ



এম.বি.বি.এস (ডি.ইউ) বি.সি.এস (স্বাস্থ্য), ডি-কার্ড কার্ডিওলজি), এফ.সি.পি.এস(মেডিসিন). সি.সি.ডি (বারডেম),এক্স রেসিডেন্ট, কার্ডিওলজি বিভাগ, ঢাকা মেডিকেল কলেজ হাসপাতাল। মেডিকেল অফিসার, জেনারেল হাসপাতাল, মেহেরপুর।

ডা: মো: শাহিনুর রশিদ

চিকিৎসা সেবা সমূহ

• হৃদরোগ (হার্টের সমস্যা)• হার্ট এ্যাটাক/হার্ট ফেলিউর ◻ হৃদরোগ জনিত শ্বাসকষ্ট বুক ধড়ফড় করা, • হার্টের ভাল্বের সমস্যা • জন্মগত হার্টের ছিদ্র ◻ এ্যাজমা ও শ্বাসকষ্ট - বক্ষব্যাধি • ডায়াবেটিস • বাতব্যথা বাতজ্বর • কিডনী রোগ • প্রেসার (উচ্চ রক্তচাপ)• রক্তের কলেস্টেরল বৃদ্ধি • লিভার ও পরিপাকতন্ত্রের রোগ • জ্বর (দীর্ঘ কালীন)।

নিয়মিত রোগী দেখছেন ও ইকোকার্ডিওগ্রাফি করছেন শনি থেকে বুধবার বিকাল ৩টা থেকে রাত ৮টা পর্যন্ত।

রাবেয়া মেডিকেল সার্ভিসেস, হাসপাতাল গেট, মেহেরপুর
সিরিয়ালের জন্য যোগাযোগ রিসিপশন: 01754974466, 01724-787313 মার্কেটিং: 01304-100307, 1304-100308



দিন-রাত মানবিক সেবার লক্ষ্যে

কুদরত-ই-খুদা-ক্লিনিক এন্ড ল্যাব

মুজিবনগর উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স এর সামনে,আসিফ প্লাজা ২য় ও ৩য় তলা)
কেদারগঞ্জ বাজার, মুজিবনগর, মেহেরপুর। সিরিয়ালের জন্য: ০১৭৫৭-৮২৮২৭৮

স্বনামধন্য বিশেষজ্ঞ চিকিৎসকগণ দ্বারা সর্বাধুনিক চিকিৎসা ও সেবা-

মেডিসিন বিশেষজ্ঞ - ডাঃ মোঃ আতিকুর রহমান
এম.বি.বি.এস (ডিএমসি), বিসিএস (স্বাস্থ্য) সিসিডি (বারডেম),এম.আর. সি.পি (ইউকে) পার্ট-১ এফ.সি.পি.এস (মেডিসিন) শেষ পর্ব। সহকারী রেজিস্ট্রার কুষ্টিয়া মেডিকেল কলেজ হাসপাতাল মেডিসিন বিশেষজ্ঞ।
রোগী দেখছেন: প্রতি মঙ্গলবার দুপুর ২টা থেকে রাত ৮টা

ইউরোলজি বিশেষজ্ঞ ও সার্জন ইউরোলজি বিশেষজ্ঞ সার্জন
ডা. আ.ফ.ম. মুনতাহী রেজা রুবেল
এম.বি.বি.এস, বিসিএস (স্বাস্থ্য) এফসিপিএস (ইউরোলজি) এম.এস. (ইউরোলজি) ইউরোলজি বিশেষজ্ঞ ও সার্জন ইউরোলজি বিশেষজ্ঞ সার্জন।
রোগী দেখছেন: প্রতি শনিবার ও রবিবার দুপুর ২টা হতে রাত ৮টা

নিউরোসার্জারী বিশেষজ্ঞ- ডাঃ মোঃ মোক্তাদ্বিরুউল বাশার
এমবিবিএস, বিসিএস (স্বাস্থ্য) এম. এস রেসিডেন্ট নিউরোসার্জারী (ব্রেইন,নার্ভ,স্পাইন, পেইন) স্পেশাল ট্রেনিং অন পেইন ম্যানেজমেন্ট ঢাকা মেডিকেল কলেজ হাসপাতাল।
রোগী দেখছেন: প্রতি শুক্রবার দুপুর ২টা হতে সন্ধা ৬টা

গাইনি, প্রসূতি ও মেডিসিন রোগে অভিজ্ঞ - ডাঃ জান্নাতুল ফেরদৌস সীমা
এম.বি.বি.এস (রাজশাহী) এম.সি.জি.পি (অব্স এন্ড গাইনী) সি.এম.ইউ(আল্ট্রাসনোগ্রাফি)
রাগী দেখছেন: প্রতি সোমবার সকাল ১০টা থেকে দুপুর ২টা

--- বিশেষজ্ঞ ডাক্তারগণ সব ধরনের অপারেশন করছেন --
হার্নিয়া, জরায়ু, পিত্তথলির পাথর, সিজার, এ্যাপেনডিক্স, অর্শ্ব পাইলস।

ডাঃ মাহাবুব আলম বিপ্লব (সহকারী অধ্যাপক) | ডা. আ.ফ.ম. মুনতাহী রেজা রুবেল ইউরোলজি বিশেষজ্ঞ সার্জন। | ডাঃ রিচার্ড সরেন প.জি.টি সার্জন


ভারপ্রাপ্ত সম্পাদক : মাহবুবুল হক পোলেন। আবুল কাসেম অনুরাগী কর্তৃক স্টাডি হাউজ, মহিলা কলেজ রোড, গাংনী, মেহেরপুর থেকে প্রকাশিত ও হাই কোয়ালিটি প্রিন্টার্স ২৯, স্যার ইকবাল রোড, কুস্টিয়া থেকে মুদ্রিত।
সম্পাদকীয় ও বাণিজ্যিক কার্যালয় : প্রধান সড়ক, হোটেল বাজার মোড়, মেহেরপুর-৭১০০। মোবাইল : ০১৭১৪৯৩৮৬৪৭ ই-মেইল : surjonews@gmail .com

হৃদয়ে লাল সবুজ
# আমাদের সূর্যোদয়

মেহেরপুর, সোমবার, ১৭ নভেম্বর ২০২৫ ইং

## গাংনীতে মনোনয়ন ঘিরে দুই মিছিলের উত্তাপ

মেহেরপুর-২ (গাংনী) আসনে বিএনপির মনোনয়নকে কেন্দ্র করে গতকাল শনিবার পুরো অঞ্চলজুড়ে তৈরি হয়েছে উত্তেজনার দোলাচল। সকাল থেকে দুপুর পর্যন্ত একদিকে মনোনয়ন বাতিলের দাবিতে মহিলা দলের বিক্ষোভ–অন্যদিকে বিকেলে বাঁশবাড়িয়ায় মনোনীত প্রার্থী মো. আমজাদ হোসেনের শক্তি প্রদর্শন–দুই মিছিলেই ছিল উপচে পড়া জনতার উপস্থিতি। ফলে দিনভর রাজনৈতিক অঙ্গন ছিল টানটান উত্তেজনায় ভরপুর।

সকালে গাংনী ফুটবল মাঠে জড়ো হওয়া বিক্ষুব্ধ নারীরা মুহূর্তেই মাঠকে পরিণত করেন তীব্র প্রতিবাদের মঞ্চে। নেতৃত্বে ছিলেন উপজেলা মহিলা দলের সভানেত্রী ফরিদা পারভীনসহ শীর্ষ নেতৃবৃন্দ। প্রধান সড়ক প্রদক্ষিণ করে বিএনপি কার্যালয়ে গিয়ে মিছিল শেষ হলে সেখানে সমাবেশে বক্তারা স্পষ্ট ভাষায় অভিযোগ করেন–"মেহেরপুর-২ আসনে দেওয়া মনোনয়ন জনমতের পরিপন্থী।" তারা হুঁশিয়ারি দিয়ে বলেন, মনোনয়ন বাতিল না হলে আরও বড় আন্দোলন গড়ে তোলা হবে। এদিকে দুপুরের পর বাঁশবাড়িয়া বাজারে দেখা যায় সম্পূর্ণ ভিন্ন পরিবেশ। মনোনীত প্রার্থী মো. আমজাদ হোসেনের আহ্বানে জনতার যে ঢল নামে, তা পুরো শহরকে মুহূর্তে রূপ দেয় উৎসবমুখর জনসমুদ্রে। নারী-পুরুষ, তরুণ-প্রবীণ সকল শ্রেণির মানুষের অংশগ্রহণ ছিল চোখে পড়ার মতো। গণমিছিল শেষে বক্তব্যে আমজাদ হোসেন বলেন–দল যাকে উপযুক্ত মনে করেছে তাকেই দায়িত্ব দিয়েছে। এখন বিভ্রান্তি নয়, ঐক্যই হোক সবাইকে এগিয়ে নেওয়ার পথ। দুই শিবিরের কর্মসূচি ঘিরে গাংনী শহর দিনভর ছিল পোস্টার, স্লোগান আর রাজনৈতিক উত্তেজনায় সরগরম। বিশ্লেষকদের মতে, মনোনয়ন ইস্যুতে বিএনপির ভেতরে অস্থিরতা বেড়েছে বটে, তবে মাঠের শক্তি প্রদর্শন করে নিয়ন্ত্রণে রাখার চেষ্টা করছেন মনোনীত প্রার্থী আমজাদ হোসেন। গাংনীর এই পরিস্থিতি স্পষ্ট করে দিচ্ছে–একদিকে ক্ষোভ, অন্যদিকে শক্তি প্রদর্শন–দলীয় রাজনীতিতে এখন চলছে তীব্র দোলাচল। তবে শেষ পর্যন্ত বিএনপি কতটা দ্রুত এই অভ্যন্তরীণ টানাপড়েন সামাল দিতে পারে–এটাই এখন সবচেয়ে বড় প্রশ্ন।

## মেহেরপুরে মাছ চাষের অদম্য সম্ভাবনা

আবুল কাসেম অনুরাগী



মেহেরপুর–বাংলাদেশের মানচিত্রে ছোট্ট একটি জেলা। কিন্তু সম্ভাবনার জালে এই অঞ্চলের ওজন ক্রমেই ভারী হয়ে উঠছে। বিশেষত কৃষি ও মৎস্য খাতে মেহেরপুর এমন সব ইঙ্গিত দিচ্ছে, যা ভবিষ্যতের অর্থনীতিতে বড়সড় অবদান রাখতে পারে। সে সম্ভাবনার অন্যতম প্রাণশক্তি হলো মাছ চাষ। বাংলাদেশের খাদ্য নিরাপত্তায় মাছের অবদান অপরিসীম। অথচ দীর্ঘদিন ধরেই মেহেরপুর তুলনামূলকভাবে পিছিয়ে ছিল মৎস্য উৎপাদনে। নানা কাঠামোগত ঘাটতি, হ্যাচারি সংকট, আর পুঁজি ব্যবস্থাপনার দুর্বলতা এই খাতকে ধীরে রেখেছিল। কিন্তু গত কয়েক বছর ধরে পরিস্থিতি বদলাতে শুরু করেছে। বিশেষ করে দেশি মাছ চাষে যে উত্থান দেখা যাচ্ছে, তা শুধু কৃষি-বান্ধবই নয়–এটি সম্ভাবনার নতুন হিসাবও খুলে দিয়েছে।

মেহেরপুরের মাটি ও আবহাওয়া দেশি মাছের জন্য অনুকূল। শিং, মাগুর, কৈ, টেংরা বা পুঁটির মতো মাছগুলো এখানে কম খাদ্য, কম পানি দূষণ এবং তুলনামূলক কম রোগবালাই সয়ে নিতে পারে। ফলে উৎপাদন খরচ কমছে, আর লাভের হার বাড়ছে। চাষিরা নিজেরাই বলছেন, দেশের বাজারে দেশি মাছের যে চাহিদা তৈরি হয়েছে, তা তাদের নতুন করে কাজের উদ্যম দিয়েছে। বাজারমূল্যও বেশ ভালো–এক কথায় লাভজনক।

এর পাশাপাশি 'পেন কালচার' পদ্ধতির সূচনা মেহেরপুরে মাছ চাষের নতুন দরজা খুলে দিয়েছে। নদী ও বিলের জলাশয় ব্যবহার করে সীমিত বিনিয়োগে অধিক উৎপাদন সম্ভব হওয়ায় এই পদ্ধতি দিন দিন জনপ্রিয় হচ্ছে। বিশেষ করে নতুন উদ্যোক্তাদের জন্য এটি রিস্কমুক্ত ও সহজগম্য এক পথ। তবে সম্ভাবনা যতই উজ্জ্বল, চ্যালেঞ্জও কম নয়। দীর্ঘদিন ধরে অবহেলিত মৎস্য বীজ উৎপাদন কেন্দ্রগুলো প্রায় অচল অবস্থায়। স্থানীয় চাহিদা পূরণে যে পরিমাণ পোনা দরকার, তার অর্ধেকও এখান থেকে আসে না। ফলে চাষিদেরকে অনেক দূর থেকে চড়া দামে পোনা কিনতে হয়। আবার পানিতে আয়রনের পরিমাণ, খাদ্যের দাম বৃদ্ধি এবং প্রশিক্ষণের অভাবও উৎপাদন ব্যবস্থাকে ধীর করছে। কিন্তু প্রশ্ন হলো–সমস্যার সমাধান কি আছে? অবশ্যই আছে। প্রথমত, বীজ উৎপাদন কেন্দ্রগুলোকে আধুনিকায়ন করতে হবে। আধুনিক জল ছাড়াই ব্যবস্থা, পানি বিশুদ্ধকরণ ও গবেষণাগার চালু করা গেলে পোনা সংকট বড় অংশে কমে যাবে। দ্বিতীয়ত, প্রশিক্ষণ ও প্রযুক্তির ব্যবহার বাড়াতে হবে। এখন আর মাছ চাষ শুধু অভিজ্ঞতার ওপর নির্ভরশীল নয়; এটি বিজ্ঞানভিত্তিক উৎপাদন ব্যবস্থাও। তৃতীয়ত, সরকারি-বেসরকারি অংশীদারিত্বে মডেল খামার গড়ে তোলা গেলে নতুন উদ্যোক্তারা উদ্বুদ্ধ হবে। সবশেষে যা সবচেয়ে গুরুত্বপূর্ণ–এই খাতে তরুণদের আগ্রহ বাড়ছে। তারা পেশা হিসেবে মাছ চাষকে নতুন চোখে দেখছে।

বিদেশি বাজারে দেশি মাছের সম্ভাবনা আছে, ফলে রপ্তানিমুখী উৎপাদনও ভবিষ্যতে কৌশল হতে পারে। মেহেরপুর ছোট জেলা হলেও সম্ভাবনা ছোট নয়। সঠিক পরিকল্পনা, আধুনিকায়ন এবং বাজার-সংযোগ বাড়াতে পারলে মাছ চাষ এখানকার অর্থনীতির অন্যতম প্রধান চালিকাশক্তি হয়ে উঠতে পারে।

সুতরাং বলা যায়–মেহেরপুর শুধু ফসলের জন্যই নয়, বরং মাছ চাষেও বড় স্বপ্ন দেখার যোগ্য একটি ভূখণ্ড। সম্ভাবনার দরজা খোলা–এবার দরকার কেবল সঠিক দিকনির্দেশনা আর চলমান উদ্যোগকে এগিয়ে নেওয়ার সাহস। (লেখক: শিক্ষাবীদ ও প্রকাশক আমাদের সূর্যোদয়)

## সোমবার যে কারণে রোজা রাখতেন নবীজি (সা.)

মাওলানা ফরিদ উদ্দীন

ইসলামের অন্যতম মর্যাদাপূর্ণ ইবাদত রোজা। আল্লাহ তাআলা বান্দাকে নিজ হাতে রোজার প্রতিদান দেবেন। এ ছাড়া জান্নাতে রোজাদারদের জন্য থাকবে বিশেষ প্রবেশপথ, যা দিয়ে একমাত্র তারাই প্রবেশ করবে। মহানবী (সা.) বলেন, 'জান্নাতে রাইয়ান নামক একটি দরজা আছে। এ দরজা দিয়ে কিয়ামতের দিন রোজাদাররা প্রবেশ করবে। তারা ছাড়া আর কেউ এ দরজা দিয়ে প্রবেশ করতে পারবে না। ঘোষণা দেওয়া হবে, রোজাদাররা কোথায়? তখন তারা দাঁড়াবে। তাদের প্রবেশের পরই সেই দরজা বন্ধ করে দেওয়া হবে, যেন এ দরজা দিয়ে আর কেউ প্রবেশ করতে না পারে' (সহিহ বুখারি: ১৮৯৬)। প্রিয় নবীজি (সা.) আরও বলেন, 'যে রোজা অবস্থায় ইন্তেকাল করবে, সে জান্নাতে প্রবেশ করবে' (সহিহ আল জামে: ৬২২৪)। নবী করিম (সা.) সাহাবায়ে কেরামকে বেশি বেশি নফল রোজা রাখতে বলতেন। নিজেও বছরের নানা দিনে নফল রোজা রাখতেন। আল্লাহর রাসুল (সা.) যেসব দিন নফল রোজা রাখতেন, তার মধ্যে অন্যতম সোমবার। আয়েশা (রা.) বলেন, 'রাসুলুল্লাহ (সা.) সোম ও বৃহস্পতিবারে রোজা রাখাকে প্রাধান্য দিতেন' (সুনানে তিরমিজি: ১০২৭)। আবু কাতাদাহ আনসারি (রা.) বর্ণনা করেন, রাসুলুল্লাহ (সা.)-কে একবার সোমবারে রোজা রাখার কারণ জিজ্ঞেস করা হলে তিনি বলেন, 'এই দিনে আমি জন্মগ্রহণ করেছিলাম এবং এই দিনেই আমাকে নবুওয়াত দেওয়া হয়েছিল। অথবা, এই দিনে আমার ওপর (কোরআন) নাজিল করা হয়েছে' (সহিহ মুসলিম: ১১৬২)। হাফসা (রা.) বলেন, 'রাসুলুল্লাহ (সা.) প্রতি মাসে তিন দিন রোজা রাখতেন। (মাসের প্রথম সপ্তাহের) সোম ও বৃহস্পতিবার এবং (দ্বিতীয় সপ্তাহের) সোমবার' (সুনানে আবু দাউদ: ২৪৫১)। আল্লাহ তাআলা পবিত্র কোরআনে বলেছেন, রোজা তাকওয়া অর্জনের মাধ্যম। সোমবারের রোজা আমাদের জন্য হতে পারে তাকওয়া অর্জনের অপার সুযোগ।

### মেহেরপুর মোটর শ্রমিক ইউনিয়নের

(প্রথম পৃষ্টার পর)

পদে তিনটি পদের বিপরীতে লড়ছেন নয়জন–শরিফুল ইসলাম, আন্নাব আলী, লাল মিয়া, জিয়ারুল, শাহিন শেখ, আব্দুল জব্বার, বারিকুল, রশিদুল ও বাচ্চু। নির্বাচনে প্রধান নির্বাচন কমিশনার হিসেবে দায়িত্ব পালন করছেন মারুফ আহমেদ বিজন। সহকারী কমিশনার হিসেবে আছেন অ্যাডভোকেট নজরুল ইসলাম ও অ্যাডভোকেট এহান উদ্দিন মনা। নির্বাচনের আগেই নির্বাচনী উত্তেজনা শুরু হয়েছে। গতকাল বিকাল থেকে মেহেরপুর বাসস্ট্যান্ড এলাকায় ভোটের আগ্রহ ও আলোচনার রোমাঞ্চ লক্ষ্য করা গেছে। শ্রমিকেরা উৎসাহ ও দায়িত্ববোধের সঙ্গে ভোট দিচ্ছেন বলে জানিয়েছে স্থানীয়রা। নির্বাচনের ফলাফল এবং জয়ী প্রার্থীদের নাম ঘোষণা করা হবে ভোট গ্রহণ শেষ হওয়ার পর।

### উত্তাল গাংনী: প্রধান শিক্ষক ঘিরে

(প্রথম পৃষ্টার পর)

রাজুকে ভিডিও প্রকাশের পরই সাময়িকভাবে বরখাস্ত করা হয়েছে। তিনি বলেন, স্থায়ী বহিষ্কারের প্রক্রিয়া চলছে এবং দ্রুত সিদ্ধান্ত জানানো হবে।

মেহেরপুর জেলা মাধ্যমিক শিক্ষা অফিসার আব্দুর রহিম বলেন, লিখিত অভিযোগ পেলে তদন্ত শেষে স্থায়ী বহিষ্কার করা হবে। একটি বিশ্বস্ত সূত্র জানায়, রাজুর পরিবার ও ঘনিষ্ঠ মহল বিভিন্ন দপ্তরে টাকাপয়সা দিয়ে ম্যানেজ করার চেষ্টা চালাচ্ছে। এসব কথোপকথনের অডিওরেকর্ড রয়েছে বলেও দাবি করা হয়েছে। সহকারী শিক্ষক জামশেদ আলী বলেন, "প্রধান শিক্ষকের এমন কর্মকাণ্ডে শিক্ষক সমাজ অপমানিত হয়েছে। আগে সতর্ক করলেও তাকে কোনো ভয় ছিল না। এতে শিক্ষার্থীর ঝরে পড়ার হার বাড়বে।" গাংনী উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা মনিরুল ইসলাম জানান, ভিডিওটি দেখেছেন, লিখিত অভিযোগ পেলে আইনগত ব্যবস্থা নেওয়া হবে। গাংনী উপজেলা নির্বাহী কর্মকর্তা আনোয়ার হোসেন বলেন, অভিযোগ পাওয়া মাত্র তদন্ত করে সর্বোচ্চ ব্যবস্থা নেওয়া হবে।শিক্ষার্থী, অভিভাবক ও শিক্ষকরা একযোগে বলছেন, "অশ্লীলতার সঙ্গে জড়িত এমন শিক্ষককে আর কোনোভাবেই বিদ্যালয়ে রাখা যাবে না। স্থায়ী বহিষ্কার ছাড়া আন্দোলন থামবে না।"

### মেহেরপুর জেনারেল হাসপাতালের

(প্রথম পৃষ্টার পর)

অনিয়ম, দুর্নীতি ও অব্যবস্থাপনার প্রতিবাদে স্থানীয়রা মানববন্ধন করে তত্ত্বাবধায়কের অপসারণের দাবি জানিয়েছিলেন। মানববন্ধনে বক্তারা হাসপাতালের পূর্ণাঙ্গ কার্যক্রম চালু, বিশেষজ্ঞ চিকিৎসক ও প্রয়োজনীয় জনবল নিয়োগ, দালাল চক্র নির্মূল ও রোগীদের জন্য মানবিক চিকিৎসা পরিবেশ নিশ্চিত করার আহ্বান জানান। তারা অভিযোগ করেন, হাসপাতালের তত্ত্বাবধায়ক দায়িত্বের বদলে ব্যক্তিগত সুবিধার পিছনে ব্যস্ত থাকেন। ওষুধ ও চিকিৎসা সরঞ্জামের অভাব, পরিষ্কার-পরিচ্ছন্নতার ঘাটতি, রোগীদের সঙ্গে দুর্ব্যবহার এবং দালালদের দৌরাত্ম্যে সাধারণ মানুষ নাজেহাল। বক্তারা আরও হুঁশিয়ারি দেন, দাবি আদায় না হলে জেলা প্রশাসকের কাছে স্মারকলিপি ও বৃহত্তর আন্দোলন হবে।

### বীর মুক্তিযোদ্ধা কালাম মাস্টা কে

(প্রথম পৃষ্টার পর)

দিয়ে রাষ্ট্রীয় মর্যাদায় শেষ বিদায় দেওয়া হয়। গাংনী উপজেলা নির্বাহী অফিসার আনোয়ার হোসেন গার্ড অব অনারের নেতৃত্ব দেন। এছাড়া গাংনী থানার অফিসার ইনচার্জ (ওসি তদন্ত) আল মামুনের নেতৃত্বে পুলিশের একটি চৌকস দলও গার্ড অব অনার প্রদান করে। শেষ বিদায়ে বেজে উঠে বিহগলের করুণ সুর। স্মরণে সহযোদ্ধা বীর মুক্তিযোদ্ধাদের পক্ষে নেতৃত্ব দেন জেলা মুক্তিযোদ্ধা কমান্ডার বীর মুক্তিযোদ্ধা শাসমুল আলম সোনাসহ উপজেলার বীর মুক্তিযোদ্ধাগণ। তার জানাযা অনুষ্ঠান গাংনী পৌরসভাধীন শিশিরপাড়া গ্রামে অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানে সাবেক এমপি আমজাদ হোসেন, উপজেলা পরিষদের সাবেক চেয়ারম্যান মুরাদ আলী, উপজেলা বিএনপির সাবেক সাধারণ সম্পাদক আসাদুজ্জামান বাবলু, উপজেলা পরিষদের সাবেক চেয়ারম্যান নাজমুল হুদা, উপজেলা জামাতের আমির রবিউল ইসলামসহ এলাকার বিভিন্ন শ্রেণীর মানুষ উপস্থিত ছিলেন।

### মেহেরপুরে সড়ক দুঘটনায় শিক্ষক

(প্রথম পৃষ্টার পর)

শিক্ষক তোফাজ্জল। পুরাতন দরবেশপুর এলাকায় পৌঁছালে চুয়াডাঙ্গা থেকে মেহেরপুরগামী একটি দ্রুতগামী ট্রাকের সঙ্গে তার মোটরসাইকেলের মুখোমুখি সংঘর্ষ হয়। স্থানীয়রা গুরুতর আহত অবস্থায় তাকে উদ্ধার করে মেহেরপুর ২৫০ শয্যা বিশিষ্ট জেনারেল হাসপাতালে নিলে কর্তব্যরত চিকিৎসক তাকে মৃত ঘোষণা করেন। মেহেরপুর সদর থানার ওসি শেখ মেজবাহ উদ্দিন আহমেদ বলেন, খবর পেয়ে পুলিশ ঘটনাস্থল পরিদর্শন করেছে। নিহত শিক্ষকের মরদেহ ময়নাতদন্তের জন্য মেহেরপুর জেনারেল হাসপাতালের মর্গে পাঠানো হয়েছে। দুর্ঘটনায় ব্যবহৃত ট্রাকটি শনাক্তের চেষ্টা চলছে বলে জানান তিনি।

### নৈরাজ্য ঠেকাতে গুলির নির্দেশ

(প্রথম পৃষ্টার পর)

বলেন, "আমি ওয়্যারলেসে বলেছি, কেউ বাসে আগুন দিলে কিংবা ককটেল মেরে জীবনহানির চেষ্টা করলে তাকে গুলি করতে। আইনেই এ কথা বলা আছে।" তিনি আরও বলেন, "পুলিশের গাড়িতে আগুন দেওয়া, ককটেল নিক্ষেপ বা জানমালের ক্ষতির চেষ্টা–এসব হলে পুলিশ তো বসে থাকবে না।" সোমবার (১৭ নভেম্বর) নিষিদ্ধ ঘোষিত আওয়ামী লীগ ও এর ছাত্রসংগঠন ছাত্রলীগের প্রধান উপদেষ্টা ও ক্ষমতাচ্যুত সাবেক প্রধানমন্ত্রী শেখ হাসিনার বিরুদ্ধে দায়ের করা মানবতাবিরোধী অপরাধের মামলার রায় ঘোষণা করবে আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনাল। এই রায়কে কেন্দ্র করে সহিংস পরিস্থিতির আশঙ্কা থেকেই ডিএমপি কমিশনার এ ধরনের কঠোর নির্দেশ দিতে পারেন বলে মনে করছেন সংশ্লিষ্টরা। এর আগে গত সপ্তাহে চট্টগ্রামে কয়েকটি 'টার্গেট কিলিং' ঘটনার পর মহানগর পুলিশের (সিএমপি) কমিশনার হাসিব আজিজও অস্ত্রধারী সন্ত্রাসীদের লক্ষ্য করে গুলি চালানোর নির্দেশ দেন। ১১ নভেম্বর দুপুরে বেতার বার্তার মাধ্যমে ওই নির্দেশনা দেন তিনি। আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর এ ধরনের কঠোর অবস্থানকে সামনে রেখে রাজধানীসহ সারাদেশে উত্তেজনা বিরাজ করছে বলে জানিয়েছেন নিরাপত্তা বিশ্লেষকেরা।

### মুজিবনগরে জেন্ডার সচেতনতা

(প্রথম পৃষ্টার পর)

গতকাল রবিবার মুজিবনগর সরকারি মাধ্যমিক বিদ্যালয়ের সভাকক্ষে অনুষ্ঠিত প্রশিক্ষণে রাজনৈতিক, ধর্মীয় ও সুশীল সমাজের প্রতিনিধি অংশগ্রহণ করেন। তারা পিস ফ্যাসিলিটেটর গ্রুপ (পিএফজি) এবং নারী শান্তি সহায়ক দল (ওয়েভ)-এর সদস্য। অংশগ্রহণকারীরা ভবিষ্যতে মুজিবনগর উপজেলায় সম্প্রীতি, জেন্ডার সমতা ও নারীর প্রতি সহিংসতা প্রতিরোধে বিভিন্ন উদ্যোগ বাস্তবায়নে ভূমিকা রাখবেন বলে প্রত্যাশা ব্যক্ত করেন।

প্রশিক্ষণে উপস্থিত ছিলেন পিএফজি কোঅর্ডিনেটর মো: ওয়াজেদ আলি খান, পিস অ্যাম্বাসেডর ঝরনা খাতুন, আবুল খায়ের বাশার, মুনশী মো: মোকাদ্দেস হোসেন, বীর মুক্তিযোদ্ধা মো: সাবদার আলি, এবং ওয়েভের সমন্বয়কারী রোকসানা পারভিন সহ অন্যান্য সদস্যরা। প্রশিক্ষণ পরিচালনা করেন দি হাঙ্গার প্রজেক্ট বাংলাদেশের খুলনা অঞ্চলের এরিয়া কোঅর্ডিনেটর এস.এম. রাজু জবেদ ও আঞ্চলিক সমন্বয়কারী মো: খোরশেদ আলম। সার্বিক ব্যবস্থাপনায় ছিলেন ফিল্ড কোঅর্ডিনেটর মো: আশরাফুজ্জামান এবং ইয়ুথ সমন্বয়কারী মো: রিয়াজ শেখ। প্রশিক্ষণ শেষে সকল অংশগ্রহণকারীর মাঝে সনদপত্র প্রদান করা হয়।

### ভিক্ষুকের টাকা ছিনতায়, এলাকাবাসি

(প্রথম পৃষ্টার পর)

অসহায় নারী অসুস্থ মেয়ের চিকিৎসার জন্য মানুষের কাছে সাহায্য তুলছিলেন। সেই সময় একাডেমি মোড়ে পৌঁছালে প্রতাপ তার টাকার ব্যাগ ছিনিয়ে পালানোর চেষ্টা করে। নারী চিৎকার করলে আশপাশের মানুষ ছুটে এসে প্রতাপকে আটক করে এবং পুলিশকে খবর দেয়। চুয়াডাঙ্গা সদর থানার অফিসার ইনচার্জ খালেদুর রহমান জানান, "ভিক্ষুকের টাকা ছিনতাকালে এলাকাবাসি তাকে ধরে পুলিশের কাছে হস্তান্তর করেছেন। পুলিশ তাকে হেফাজতে নিয়েছে এবং টাকাটি উদ্ধারের চেষ্টা চলছে। প্রতাপ সেনকে আদালতে পাঠানোর জন্য আইনগত প্রক্রিয়া চলছে।"

### সেনা সদস্যের হত্যার হুমকিতে

(প্রথম পৃষ্টার পর)

অভিযোগ দিতে যাচ্ছেন।অপরদিকে, সোহান হুমকির অভিযোগ অস্বীকার করে বলেছেন, "আমি শুধু সতর্ক করেছি। কাউকে হুমকি দেইনি।"গাংনী থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) বানী ইসরাইল জানিয়েছেন, বিষয়টি তদন্তাধীন রয়েছে এবং প্রয়োজনীয় আইনগত ব্যবস্থা নেওয়া হবে।

### ২৩ পরিবারের জামায়াতে ইসলামীতে

(প্রথম পৃষ্টার পর)

জামায়াতে ইসলামী জেলা আমির ও মেহেরপুর-১ আসনের প্রার্থী মাওলানা তাজউদ্দিন খান। এ সময় উপস্থিত ছিলেন মুজিবনগর উপজেলা আমির মাওঃ মোঃ খানজাহান আলী, উপজেলা সেক্রেটারি খাইরুল বাশার, মোনাখালী ইউনিয়ন আমির মোঃ মুখলেছুর রহমানসহ অন্যান্য নেতৃবৃন্দ। মাওলানা তাজউদ্দিন খান বলেন, "জনগণের অধিকার প্রতিষ্ঠা ও ন্যায়ের সমাজ গঠনের আন্দোলনে জামায়াতে ইসলামী সবসময় জনগণের পাশে আছে। এই যোগদান আমাদের সংগঠনকে আরও শক্তিশালী করবে।" স্থানীয় নেতৃবৃন্দ জানিয়েছেন, আসন্ন জাতীয় সংসদ নির্বাচনের আগে বিএনপি ও অন্যান্য দলের নেতাকর্মীদের এই যোগদান রাজনৈতিক অঙ্গনে নতুন সমীকরণ তৈরি করেছে।

উল্লেখ্য, একই দিনে ভবানীপুর গ্রামে নির্বাচনী পথসভা অনুষ্ঠিত হয়, যেখানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মেহেরপুর-১ আসনের জামায়াতে ইসলামী মনোনীত প্রার্থী মাওলানা তাজউদ্দিন খান।

### লিবিয়া উপকূলে নৌকাডুবি নিহত ৪

(প্রথম পৃষ্টার পর)

মানুষদের কম্বল জড়িয়ে প্রাথমিক চিকিৎসা দিতে দেখা যায় স্বেচ্ছাসেবীদের। বিবৃতিতে আরও জানানো হয়, নৌকাডুবির পর লিবিয়ার কোস্টগার্ড ও আল-খোমস বন্দরের নিরাপত্তা সংস্থা উদ্ধার অভিযান পরিচালনা করে। পাবলিক প্রসিকিউশনের নির্দেশনায় উদ্ধারকৃত মরদেহ সংশ্লিষ্ট কর্তৃপক্ষের কাছে হস্তান্তর করা হয়েছে। এ ঘটনার আগেই দেশে ও আন্তর্জাতিক অঙ্গনে উদ্বেগ বাড়িয়েছে লিবিয়া উপকূলে একের পর এক নৌদুর্ঘটনা। আন্তর্জাতিক অভিবাসন সংস্থাআইওএম জানায়, বুধবার আল বুরি তেলক্ষেত্রসংলগ্ন সমুদ্র এলাকায় রাবারের নৌকা ডুবে নিখোঁজ ৪২ জনকে মৃত বলে ধরে নেওয়া হচ্ছে। গত অক্টোবরেও ত্রিপোলির পশ্চিম উপকূলে উদ্ধার করা হয় ৬১ অভিবাসীর মরদেহ। মানবাধিকার সংগঠনগুলোর অভিযোগের ভিত্তিতে সম্প্রতি যুক্তরাজ্য, স্পেন, নরওয়ে ও সিয়েরা লিওন জাতিসংঘে লিবিয়ার আটককেন্দ্রগুলো বন্ধ করার আহ্বান জানিয়েছে।

### ৩২ বছর পর মায়ের মর্যাদা মিলল

(প্রথম পৃষ্টার পর)

দিতে অস্বীকার করতেন। স্থানীয়দের মতে, ফরিদা খাতুনের বাবা সদর আলীর মৃত্যুর পর তিনি মামুনসিয়ায় তাঁর বোনের বাড়িতে চলে আসেন। প্রায় ৩২ বছর আগে ফরিদা ও মোহাম্মদ আলীর মধ্যে প্রেমের সম্পর্ক গড়ে ওঠে এবং গোপনে বিয়ে হয়। পরে ফরিদা অন্তঃসত্ত্বা হলেও মোহাম্মদ আলী বিয়ে অস্বীকার করেন। তখন গ্রামে বিচারসালিস হলেও মোহাম্মদ আলী স্বীকৃতি দেননি।

ফরিদা খাতুন জানান, খালু তাঁকে ৩ শতাংশ জমি দিয়েছিলেন, সেখানে সরকারি সহযোগিতায় নির্মাণ করা ঘরে তিনি বসবাস করছেন। দীর্ঘ সময় অন্যের বাড়িতে কাজ করে মাইদুলকে বড় করেছেন। নিজের কোনো সংসার হয়নি, আশা ছিল যে স্বামী একদিন স্বীকৃতি দেবেন। মাইদুল ইসলাম বলেন, মা তাঁকে বড় করেছেন। বাবার কথা জানার চেষ্টা করলে তিনি শুধু মায়ের কথা শুনেছেন। বাবার অন্য সংসার ও বাড়ি যাওয়ার পথে বিরোধ দেখা দিলে মুছেলে আদালতের সাহায্য নেন। চলতি বছরের ২৬ আগস্ট লিগ্যাল এইডের সহযোগিতায় কোটচাঁদপুর সহকারী জজ আদালতে পৃথক মামলা করেন। মামলা চলাকালীন আদালতে ডিএনএ পরীক্ষা হয় এবং শেষে ১২ নভেম্বর মোহাম্মদ আলী স্বীকৃতি দেন। বর্তমানে মাইদুল তালসার গ্রামের ঝিনু বেগমকে বিয়ে করেছেন। দম্পতির দুই সন্তান রয়েছে। মা ফরিদা খাতুন দীর্ঘ সময় অন্যের বাড়িতে কাজ করে জীবিকা নির্বাহ করেছেন। স্থানীয়রা জানান, ৩২ বছর কষ্টের পর মুছেলে এখন শান্তি ও স্বীকৃতিতে খুশি। মামলার আইনজীবী আশরাফুল আলম জানান, বিবাদীপক্ষ নানা অজুহাতে ডিএনএ পরীক্ষা ও স্বীকৃতি দিতে বিলম্ব করলেও আদালতের নির্দেশে শেষ পর্যন্ত স্বীকৃতি দেওয়া হয়েছে।

### মেহেরপুরে জামায়াতের গণসংযোগ

(প্রথম পৃষ্টার পর)

উপজেলা সেক্রেটারি ও আমঝুপি ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান পদপ্রার্থী জাব্বারুল ইসলাম মাষ্টার, মেহেরপুর শ্রমিক ফেডারেশনের সদর সভাপতি আবুল হোসেন, বারাদী ইউনিয়নের আমির মাওলানা আসাদুজ্জামান, ইউনিয়ন সেক্রেটারি আব্দুর রাজ্জাকসহ স্থানীয় নেতৃবৃন্দ। গণসংযোগ কর্মসূচিতে আসন্ন রাজনৈতিক কার্যক্রমে জনসম্পৃক্ততা বাড়ানো, সংগঠনের কর্মপন্থা তুলে ধরা এবং দলীয় প্রার্থীর পক্ষে সর্বাত্মক সমর্থনের আহ্বান জানান নেতা-কর্মীরা।

### কুষ্টিয়ায় 'জয় বাংলা' স্লোগান দিয়ে

(প্রথম পৃষ্টার পর)

চাকায় দুই যুবক আগুন ধরিয়ে দেয়। তাদের মধ্যে একজনের মাথায় হেলমেট ছিল। আগুন লাগানোর পর একজনকে 'জয় বাংলা' স্লোগান দিতে শোনা যায়। কুষ্টিয়া মডেল থানার অফিসার ইনচার্জ (ওসি) মোশারফ হোসেন জানান, রাত সাড়ে ৩টার দিকে একটি ডিস্ট্রিবিউশন কোম্পানির পণ্যবাহী ট্রাকে দুর্বৃত্তরা আগুন দেয়। এ সময় ট্রাকের ভেতর চালক ও সহকারী ঘুমিয়ে ছিলেন। তারা টের পেয়ে দ্রুত আগুন নেভাতে সক্ষম হন। পরে ভোররাতে তারা ট্রাকটি নিয়ে চলে যান। ঘটনায় কেউ আহত হয়নি। তিনি আরও বলেন, ভিডিও ফুটেজ সংগ্রহ করা হয়েছে। ফুটেজ দেখে ঘটনার সঙ্গে জড়িতদের শনাক্তের কাজ চলছে। এ বিষয়ে আইনি ব্যবস্থা নেওয়া হবে।

### গণভোটের প্রশ্নে দ্বিধায় বিএনপি

(প্রথম পৃষ্টার পর)

পারে কয়েকটি দল, আবার গণভোটে সমর্থন দিলে ভবিষ্যতে রাষ্ট্র পরিচালনায় জটিলতা তৈরি হতে পারে বলেও মনে করছেন নেতারা। গত বৃহস্পতিবার প্রধান উপদেষ্টা ড. মুহাম্মদ ইউনূসের ভাষণের পর বিএনপির স্থায়ী কমিটির বৈঠকে গণভোটের প্রশ্ন নিয়ে দীর্ঘ আলোচনা হয়। বৈঠক শেষে প্রতিষ্ঠানের পক্ষ থেকে জুলাই সনদের ভিত্তিতে গণভোট আয়োজনের আহ্বান জানানো হলেও প্রশ্নগুলো নিয়ে কৌশলী নীরবতা বজায় রাখা হয়। বিএনপি নেতাদের বক্তব্য, সংসদ নির্বাচনের দিনের গণভোট হলে তা হতে হবে স্বাক্ষরিত জুলাই সনদের ওপর, প্রধান উপদেষ্টার ঘোষিত প্রশ্নগুলোর ওপর নয়। গণভোটের চারটি প্রশ্নের মধ্যে প্রথম দুটি বিষয়বস্তু নিয়েই মূল আপত্তি বিএনপির। এর মধ্যে সরকারি কর্ম কমিশন, ন্যায়পাল, সিএজি, দুদকের নিয়োগে সাংবিধানিক কমিটি গঠনের প্রস্তাব এবং দ্বিকক্ষবিশিষ্ট সংসদসহ পিআর পদ্ধতি নিয়ে তাদের 'নোট অব ডিসেন্ট' ছিল। কিন্তু গণভোটে এসব প্রস্তাবকে বাধ্যতামূলক করা হয়েছে এবং পৃথকভাবে 'হ্যাঁ' বা 'না' দেওয়ার সুযোগ রাখা হয়নি। দলটির অভিমত, এতে ভোটার তাদের প্রকৃত মতামত জানাতে পারবেন না। স্থায়ী কমিটির সদস্য ড. খন্দকার মোশাররফ হোসেন বলেন, সই করা জুলাই সনদের বাইরে কোনো সাংঘর্ষিক কিছু থাকলে পুনর্বিবেচনার দাবি জানানো হবে। সালাহউদ্দিন আহমেদ বলেন, জাতীয় সংসদের সার্বভৌমত্ব কোনোভাবেই ক্ষুণ্ন করা যাবে না। আমীর খসরু মাহমুদ চৌধুরী জানান, বিএনপি জুলাই সনদের মধ্যেই অবস্থান নেবে। বিএনপির সিনিয়র যুগ্ম মহাসচিব রুহুল কবির রিজভী বলেন, গণভোটের প্রশ্নে অসম্মতির সুযোগ নেই–এটি নাগরিকদের মতামত জানানোর পথ রুদ্ধ করছে। সাধারণ মানুষ সহজে বুঝতে পারে–এমনভাবে প্রশ্ন সাজানো উচিত ছিল।

## বিহার নির্বাচন শেষে বিজেপির প্রভাবশালী নেতাকে বহিষ্কার

সূর্যোদয় প্রতিবেদন

বিহারে বিধানসভা নির্বাচনে একক দল হিসেবে সর্বোচ্চ আসন জয়ের পর বড় ধরনের শুদ্ধি অভিযান শুরু করেছে ক্ষমতাসীন ভারতীয় জনতা পার্টি (বিজেপি)। নির্বাচনের পরদিনই দলটির প্রভাবশালী নেতা ও সাবেক কেন্দ্রীয় মন্ত্রী আর কে সিংকে সাময়িকভাবে বহিষ্কার করেছে বিজেপি বিহার রাজ্য শাখা। একই সঙ্গে বহিষ্কার করা হয়েছে দলীয় নেতা ও এমএলসি অশোক আগরওয়ালকেও। পৃথক বহিষ্কারপত্রে জানানো হয়, দলবিরোধী কর্মকাণ্ডে জড়িত থাকার অভিযোগে আরা অঞ্চলের সাবেক বিজেপি সাংসদ আর কে সিং এবং এমএলসি অশোক আগরওয়ালের বিরুদ্ধে এ ব্যবস্থা নেওয়া হয়েছে। দলীয় শৃঙ্খলা ভঙ্গের অভিযোগের বিষয়ে আত্মপক্ষ সমর্থনের জন্য দুই নেতাকে এক সপ্তাহ সময় দেওয়া হয়েছে। হিন্দুস্তান টাইমসের প্রতিবেদন অনুযায়ী, বিজেপির অভ্যন্তরীণ সূত্রগুলো জানিয়েছে–আর কে সিংয়ের বিরুদ্ধে ব্যবস্থা নেওয়ার প্রধান কারণ সাম্প্রতিক বিহার বিধানসভা নির্বাচনকে ঘিরে তাঁর দলবিরোধী আচরণ। অভিযোগ রয়েছে, তিনি নির্বাচনী সময়ে নিজ দলের নেতাদের বিরুদ্ধেও প্রকাশ্যে অভিযোগ তুলেছিলেন, যা নেতৃত্বকে অস্বস্তিতে ফেলে। বিহার বিধানসভা নির্বাচনে বিজেপি একক দল হিসেবে ৮৯টি আসন পেয়ে শীর্ষে রয়েছে। নির্বাচনে সাফল্যের পরও দলটি কঠোর অবস্থান নিয়েছে শৃঙ্খলাভঙ্গের অভিযোগে অভিযুক্ত নেতাদের বিরুদ্ধে। দলীয় সূত্রের দাবি, নির্বাচনী ফলের পর সংগঠনের ভেতর ঐক্য ও নিয়ন্ত্রণ ধরে রাখতে কেন্দ্রীয় নেতৃত্বই কঠোর হওয়ার নির্দেশ দিয়েছে।

## রাশিয়া-ইউক্রেন যুদ্ধ: তুরস্কে সম্ভাব্য শান্তি বৈঠক

সূর্যোদয় প্রতিবেদন

রাশিয়া ও ইউক্রেনের মধ্যকার দীর্ঘদিনের যুদ্ধকে বন্ধ করার জন্য সম্ভাব্য শান্তি আলোচনার উদ্যোগ নেওয়া হয়েছে। এই বৈঠক তুরস্কে অনুষ্ঠিত হতে পারে বলে জানিয়েছেন তুর্কি পররাষ্ট্রমন্ত্রী হাকান ফিদান। তিনি তুর্কি টিভি চ্যানেল হাবের-কে দেওয়া সাক্ষাৎকারে বলেন, "আমরা বিশ্বাস করি, ইউক্রেন ইস্যুতে শান্তি আলোচনার বৈঠক শীঘ্রই তুরস্কে অনুষ্ঠিত হবে। অন্য কোথাওও হতে পারে, তবে আমার ধারণা এটি তুরস্কেই হবে।"

পররাষ্ট্রমন্ত্রী ফিদান আরও উল্লেখ করেছেন, ইউক্রেনে চলমান সংঘাত এখন সমাপ্তির সবচেয়ে কাছাকাছি অবস্থানে রয়েছে। তিনি বলেন, "এখন আমরা দেখছি যে যুদ্ধবিরতির জন্য প্রয়োজনীয় সব শর্তই পরিপক্ব হয়েছে। এটি থামানোর জন্য সময় এসেছে।" ফিদান জানান, এখন দরকার প্রয়োজনীয় আলোচনাগুলো শুরু করা এবং এগিয়ে যাওয়ার জন্য কার্যকর পদক্ষেপ গ্রহণ। তুরস্ক ইতোমধ্যেই শান্তি প্রক্রিয়ার জন্য বিভিন্ন প্রস্তাব তুলে ধরেছে এবং তিনি আশা প্রকাশ করেন, এসব প্রস্তাব শীঘ্রই বাস্তবায়িত হবে। বিশ্লেষকরা মনে করছেন, তুরস্কের মধ্যস্থতায় শান্তি আলোচনার সম্ভাবনা বাস্তবায়িত হলে ইউক্রেন-রাশিয়া সংঘাতের দীর্ঘযুগী উত্তেজনা কমাতে সাহায্য করতে পারে। শান্তি বৈঠক আয়োজনের সম্ভাবনা যুদ্ধবিরতি এবং কূটনৈতিক উদ্যোগকে নতুন দিকনা দিতে পারে।

## ফিলিস্তিনে মুসলিমদের জন্য ইব্রাহিমি মসজিদ বন্ধ, কারফিউ জারি

সূর্যোদয় প্রতিবেদন

ফিলিস্তিনের অধিকৃত পশ্চিম তীরের হেবরনে ঐতিহাসিক ইব্রাহিমি মসজিদ মুসলিমদের জন্য সাময়িকভাবে বন্ধ ঘোষণা করেছে ইসরায়েল। একই সঙ্গে হেবরনের পুরোনো শহর জুড়ে কঠোর কারফিউ আরোপ করা হয়েছে। শনিবার (১৬ নভেম্বর) বার্তাসংস্থা আনাদোলু এজেন্সি এই তথ্য জানায়। স্থানীয় সূত্রে বলা হয়েছে, ইসরায়েলি কর্তৃপক্ষ অবৈধ বসতি স্থাপনকারীদের ইহুদি ধর্মীয় উৎসব পালনের সুবিধা দিতে এই পদক্ষেপ নিয়েছে। হেবরন ডিফেন্স কমিটির সদস্য আরেফ জাবের জানিয়েছেন, শুক্রবার সকাল থেকেই পুরোনো শহরের বিভিন্ন এলাকা কারফিউর আওতায়। ইসরায়েলি বাহিনী রাস্তাগুলো বন্ধ করে এবং যাতায়াত নিষিদ্ধ করে অনেক ফিলিস্তিনি বাসিন্দাকে নিজ ঘরে ফেরার সুযোগ দিচ্ছে না। ফলে তারা আশেপাশের আত্মীয়ের বাসায় রাত কাটাতে বাধ্য হচ্ছেন। জাবের আরও বলেন, শুক্রবার রাত ও শনিবার সকালে শত শত অবৈধ বসতকারী ভারী সামরিক নিরাপত্তার মধ্যে শহরে ঢুকে উসকানিমূলক শোভাযাত্রা করেছে। তিনি অভিযোগ করেন, "এই কারফিউ আসলে ইব্রাহিমি মসজিদের বাকি অংশ পুরোপুরি দখল ও সেটিকে সিনাগগে রূপান্তরের ইসরায়েলি প্রচেষ্টার অংশ।" ইব্রাহিমি মসজিদটি ১৯৯৪ সালে এক অবৈধ বসতকারীর হামলায় ২৯ ফিলিস্তিনি মুসল্লির মৃত্যুতে দুই ভাগে বিভক্ত হয়। বর্তমানে ৬৩ শতাংশ অংশ ইহুদিদের উপাসনার জন্য, বাকি ৩৭ শতাংশ মুসলিমদের জন্য নির্ধারিত। মুসলিমদের জন্য নির্ধারিত পূর্ণ প্রবেশাধিকার ২০২৩ সালের গাজা যুদ্ধের পর থেকে আর বহাল রাখা হয়নি।

ফিলিস্তিনি ধর্মবিষয়ক মন্ত্রণালয় জানিয়েছে, ২০২৫ সালের শুরু থেকে প্রায় প্রতিদিনই ইব্রাহিমি মসজিদের সুক গেট এবং পূর্ব দিকের প্রধান গেট বন্ধ রাখা হচ্ছে। ফলে মুসলিমদের জন্য প্রবেশ সীমিত হয়ে পড়েছে, যা স্থানীয় মুসলিম সম্প্রদায়ের মধ্যে তীব্র অসন্তোষ সৃষ্টি করেছে।

## জুনের যুদ্ধের পর ইরানের প্রতিরক্ষা সক্ষমতা বহুগুণ বেড়েছে

সূর্যোদয় প্রতিবেদন

ইরানের পররাষ্ট্রমন্ত্রী আব্বাস আরাগচি বলেছেন, "জুনে আরোপিত যুদ্ধের পর ইরানের প্রতিরক্ষা সক্ষমতা উল্লেখযোগ্যভাবে বৃদ্ধি পেয়েছে এবং নতুন কোনো সংঘাতের ক্ষেত্রে আমরা প্রচণ্ড জবাব দেওয়ার পূর্ণ প্রস্তুতি রেখেছি।" রোববার তেহরানে অনুষ্ঠিত আন্তর্জাতিক সম্মেলন 'ইন্টারন্যাশনাল ল আন্ডার অ্যাসল্ট: অ্যাগ্রেশন অ্যান্ড ডিফেন্স'-এর এক প্যানেল আলোচনায় তিনি এসব মন্তব্য করেন। আরাগচি বলেন, যুদ্ধোত্তর পরিস্থিতিতে ইরান কূটনীতি ও শান্তিপূর্ণ সমাধানের পথকেই অগ্রাধিকার দিচ্ছে। তিনি যুক্তি দেন, "দুটি দৃষ্টিভঙ্গি আছে–একটি শক্তি ও আগ্রাসনের মাধ্যমে, অন্যটি সংলাপ ও কূটনীতির মাধ্যমে।